৭১

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 OCT 1998 ...
পৃঃ ৩ ... কলাম ... ৪ ...

# খুলনায় সরকারী কলেজে ভর্তির সমস্যা তীব্র

খুলনা অফিস ॥ খুলনা মহানগরীর সরকারী কলেজগুলিতে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি হওয়া খুবই দুরূহ হইয়া পড়িয়াছে। সরকার আসন সংখ্যা সীমিত করিয়া দেওয়ায় বহু ছাত্র-ছাত্রী সরকারী কলেজে ভর্তি হইতে পারিতেছে না।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, খুলনা মহানগরীতে মোট ৬টি সরকারী

(১২ পৃঃ দ্রঃ)

## খুলনায় সরকারী কলেজে

(৩য় পৃঃ পর)

কলেজ রহিয়াছে। ইহার মধ্যে সরকারী দৌলতপুর বিএল কলেজ এবং সরকারী আযম খান বাণিজ্য মহাবিদ্যালয় হইতে উচ্চ মাধ্যমিক শ্রেণী তুলিয়া দেওয়া হইয়াছে। খুলনা সরকারী মহিলা মহাবিদ্যালয় এবং সরকারী পাইওনিয়র গার্লস কলেজ দুইটিতে শুধু ছাত্রীদের ভর্তি করা হয়।

সরকারী কলেজগুলিতে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ৬ শত পর্যন্ত ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতি দিয়াছে। কিন্তু প্রায় প্রতিটি সরকারী কজেজে বরাদ্দকৃত আসন সংখ্যার দ্বিগুণ ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তির জন্য আবেদন করিয়াছে।

খুলনা সরকারী মহিলা কলেজ এবং খুলনা সরকারী এম এম সিটি কলেজ কর্তৃপক্ষ সূত্র জানায়, শিক্ষক ও আসনসহ আনুষ্ঠানিক সুযোগ-সুবিধা থাকা সত্ত্বেও তাহারা ৬ শতেরও বেশী ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি করিতে পারিতেছে না। অপরদিকে বেসরকারী কলেজগুলিতে বহুসংখ্যক আসন খালি থাকা সত্ত্বেও ছাত্র-ছাত্রীরা এ সকল কলেজে ভর্তি হইতে আগ্রহী হইতেছে না।